# বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন
# BCS General Education Association

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০
ই-মেইল: bcsgea1618@gmail.com ওয়েবসাইট: www.bcsgea.org.bd


স্মারক নং: বিসিএসজিইএ/২০২৪/০৫ তারিখ: ২৫.০৮.২০২৪ খ্রি.

## কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন এর কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভা অদ্য ২৩ আগস্ট, শুক্রবার, সকাল ১০ ঘটিকায় শিক্ষাবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪ তলা) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৬০ জন সদস্য উপস্থিত ছিলেন। অ্যাসোসিয়েশন এর সভাপতি প্রফেসর মো: মামুন উল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার শুরুতেই জুলাই ও আগস্ট মাসের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও স্বৈরাচারবিরোধী গণঅভ্যুত্থানে আত্মদানকারী শহিদদের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নীরবতা পালন ও শোক প্রস্তাব গৃহীত হয় এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনায় ফাতেহা পাঠ ও মোনাজাত করা হয়। সভায় বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার অ্যাসোসিয়েশনের চট্টগ্রাম জেলার প্রাক্তন সভাপতি প্রফেসর এ.টি.এম. সালেহ জহুর, ২৪তম ব্যাচের কর্মকর্তা জনাব মুহাম্মদ সফিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, বাংলা এবং জনাব মো: তারিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক, বাংলা এর মৃত্যুতে গভীর শোক ও মরহুমদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। অ্যাসোসিয়েশন এর সাধারণ সম্পাদক জনাব তানভীর হাসান এর সঞ্চালনায় সভায় সহ-সভাপতিগণের মধ্যে প্রফেসর সৈয়দ মইনুল হাসান, প্রফেসর ড. মমতাজ সাহানারা, প্রফেসর মো: সিরাজুল ইসলাম, প্রফেসর মো: আব্দুর রাজ্জাক খান, প্রফেসর মুহাম্মদ ফাতিহুল কাদীর, জনাব মো: আনিসুজ্জামান, প্রফেসর কাজী শফিকুর রহমান, প্রফেসর ড. মো: রোকনুজ্জামান, প্রফেসর মো: আখরুজ্জামান খান, জনাব মো: তোফাজ্জল আলী, যুগ্ম-সম্পাদকগণের মধ্যে জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন, ড. ফাহিমা আক্তার, জনাব মোহাম্মদ নাসির হোসেন, জনাব মোহাম্মদ কামরুজ্জামান চৌধুরী, জনাব আব্দুস সোবহান বাবুল, জনাব মোহাম্মদ সফিকুল ইসলাম, অর্থসম্পাদক জনাব সৈয়দ মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদকগণের মধ্যে জনাব মোহাম্মদ ছিদ্দিকুর রহমান, জনাব রোকসানা আলীম, জনাব মোহাম্মদ মোহাইমিনুল হক, জনাব তালুকদার মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, জনাব মোহাম্মদ আরিফুর রহমান মজুমদার, জনাব মো: আনিছুর রহমান, জনাব মো: আবু তাহের, জনাব মোসা: সেলিনা আক্তার, জনাব মো: দেলোয়ার হোসেন, সম্পাদকগণের মধ্যে জনাব কাজী আসাদুল ইসলাম, জনাব মো: মনসুর আলী, জনাব আফরোজা পারভীন, সহ-সম্পাদকদের মধ্যে জনাব হাবিবুর রহমান, জনাব মো: রুহুল আমিন, জনাব মাহমুদ বিন আমিন, জনাব আওলাদ হোসেন, জনাব মুহাম্মদ তরীকুল ইসলাম, জনাব মো: সোহেল সরকার, জনাব জাফর ইকবাল, জনাব মামুনুর রশিদ, জনাব সফিকুল ইসলাম, নির্বাহী সদস্যদের মধ্যে জনাব এইচ এম শফিকুল ইসলাম, জনাব বিপাশা আহমদ, জনাব সজল আলী (কাইজেন), জনাব মো: মোজাহিদুর রহমান, জনাব নাহিদ পারভেজ, জনাব তরিকুল ইসলাম, জনাব নুরে আলম, জনাব শেখ জামান, জনাব মোহাম্মদ আবদুল কাদের চৌধুরী, জনাব মো: ফিরোজ আলম, জনাব মো: খোরশেদ আলম, জনাব মো: মিন্টু মিয়া, জনাব কাজী ওবায়দুল্লাহ, জনাব সজল কুমার গাঁতিদার, জনাব মো: নজরুল ইসলাম, জনাব মো: জলিলুর রহমান খান এবং সাবেক মহাসচিব জনাব মো: শওকত হোসেন মোল্যা প্রমুখ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ তাঁদের বক্তব্যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিভিন্নভাবে অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানান। বক্তাগণ তাঁদের প্রত্যাশিত রাষ্ট্র ও প্রশাসনিক সংস্কারে শিক্ষা ক্যাডার কীভাবে ভূমিকা রাখতে পারে সে বিষয়ে আলোকপাত করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ ও আহত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক তালিকা সংগ্রহ এবং কলেজ কর্তৃক শহীদ পরিবার ও আহতদের জন্য ইতোমধ্যে গৃহীত পদক্ষেপ বিষয়ে তথ্য সংগ্রহ করে অধিকতর সহায়তার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২. গত ১ আগস্ট ২০২৪ খ্রি: তারিখে অ্যাসোসিয়েশন কর্তৃক প্রণীত প্রেস রিলিজ এর ব্যাপারে দু:খ প্রকাশ করা হয়।

৩. শিক্ষা সংস্কার এবং শিক্ষা ক্যাডারের মৌলিক দাবিসমূহের ব্যাপারে নির্ধারিত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ‘রাইট আপ’ উপস্থাপন করা হয়। উপস্থাপন শেষে সম্মানিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন এবং আগামী ২৫.০৮.২০২৪ খ্রি. তারিখের মধ্যে তা চূড়ান্তকরণের নিমিত্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

Scanned with CamScanner

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০
ই-মেইল: bcsgea1618@gmail.com ওয়েবসাইট: www.bcsgea.org.bd

৪. বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ ও আহতদের পাশে দাঁড়ানোর জন্য শিক্ষা ক্যাডারের সদস্যগণ কর্তৃক ন্যূনতম ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করে একটি তহবিল গঠন করবেন।

৫. বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণের ০১(এক) দিনের বেতন মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. ১৬শ বিসিএস এর যে সকল কর্মকর্তা ইতোমধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে অবসরে গেছেন তাঁদেরকে ভূতাপেক্ষভাবে পদোন্নতি প্রদানের দাবি উত্থাপনের সিদ্ধান্ত হয়।

৭. স্বল্প সময়ের মধ্যে অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপক পদে পদোন্নতিযোগ্য (ফিডার পূর্ণ হওয়া) সকল কর্মকর্তাকে পদোন্নতির তালিকাভুক্ত করে পদোন্নতির লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করা।

৮. প্রভাষকদের চাকরি ৫বছর পূর্তিতে অন্যান্য ক্যাডার সার্ভিসের ন্যায় ৬ষ্ঠ গ্রেড প্রাপ্তির লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করা ।

৯. বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের যৌক্তিক ও ন্যায্য দাবির সমর্থনকে ষড়যন্ত্র হিসেবে বিবেচনা করে মাউশি কর্তৃক সমর্থনকারীদের কোনো তালিকা প্রস্তুত করা হয়েছিল কিনা তা খতিয়ে দেখা হবে।

১০. ক্যাডারের স্বার্থে বৃহত্তর ঐক্যের লক্ষ্যে বিভিন্ন প্ল্যাটফর্ম এর সাথে যোগাযোগের জন্য "লিয়াজোঁ কমিটি" গঠন করা হয়। কমিটি ক্যাডারের সকল নির্বাচনী প্যানেল ও সংশ্লিষ্টদের মতামত গ্রহণ করে পেশাগত লক্ষ্য অর্জনের কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ করবেন।

১১. অ্যাসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদক মহোদয় তাঁদের ব্যক্তিগত কারণে অ্যাসোসিয়েশনের দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করায় গঠনতন্ত্রের ১৪(খ) ধারা অনুসারে ঢাকা মহানগরের সহ-সভাপতি প্রফেসর সৈয়দ মইনুল হাসান ভারপ্রাপ্ত সভাপতির এবং যুগ্ম-সম্পাদক জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন। কিন্তু প্রফেসর সৈয়দ মইনুল হাসান এ দায়িত্ব পালনে অসম্মতি জ্ঞাপন করায় ঢাকা সাংগঠনিক বিভাগের সহ-সভাপতি প্রফেসর মো: সিরাজুল ইসলামকে সর্বসম্মতিক্রমে ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব অর্পণ করা হয়।

১২. অ্যাসোসিয়েশনের অর্থ সম্পাদক এবং ভারপ্রাপ্ত সভাপতি অথবা ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের যে কোন একজনের স্বাক্ষরে অ্যাসোসিয়েশনের হিসাবসমূহ পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩. অ্যাসোসিয়েশন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় মাউশি প্রাঙ্গণে কতিপয় কর্মকর্তার অপেশাদার আচরণের নিন্দা জানায় এবং কার্যনির্বাহী কমিটির যে সকল সদস্য এই বিষয়ে অভিযুক্ত হয়েছেন তাদের অ্যাসোসিয়েশনের দায়িত্ব থেকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। মাউশির তদন্তের পর অধিকতর সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**বিতরণ:** সকল সরকারি কলেজের অধ্যক্ষবৃন্দ/জেলা কমিটি/ইউনিট কমিটি/ সংশ্লিষ্ট দপ্তর/ বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সকল সদস্য

২৩/০৮/২০২৪
(প্রফেসর মো: মামুন উল হক)
সভাপতি
বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

Scanned with CamScanner

বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন
BCS General Education Association
শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০
ই-মেইল: bcsgea1618@gmail.com ওয়েবসাইট: www.bcsgea.org.bd

"লিয়াজোঁ কমিটি"

পরিশিষ্ট : ১

| ক্র.নং | নাম ও পদবী | |
|---|---|---|
| ১ | প্রফেসর মুহাম্মদ ফাতিহুল কাদীর, সহ-সভাপতি, কু.নো. সাংগঠনিক বিভাগ | আহবায়ক |
| ২ | প্রফেসর মো: আখরুজ্জামান খান, সহ-সভাপতি, সাংগঠনিক বিভাগ, বরিশাল | সদস্য |
| ৩ | প্রফেসর মো: আব্দুর রাজ্জাক খান, সহ-সভাপতি, সাংগঠনিক বিভাগ, ময়মনসিংহ | সদস্য |
| ৪ | প্রফেসর সৈয়দ মইনুল হাসান, সহ-সভাপতি, ঢাকা মহানগর | সদস্য |
| ৫ | জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন, যুগ্ম-সম্পাদক, ঢাকা মহানগর | সদস্য |
| ৬ | জনাব মোহাম্মদ নাসির হোসেন, যুগ্ম-সম্পাদক, ঢাকা সাংগঠনিক বিভাগ | সদস্য |
| ৭ | জনাব সৈয়দ মোস্তাফিজুর রহমান, কোষাধ্যক্ষ | সদস্য |
| ৮ | জনাব রোকসানা আলীম, সাংগঠনিক সম্পাদক (নারী), ঢাকা মহানগর | সদস্য |
| ৯ | জনাব মোহাম্মদ আরিফুর রহমান মজুমদার, সাংগঠনিক সম্পাদক, কু.নো. সাংগঠনিক বিভাগ | সদস্য |
| ১০ | জনাব মুহাম্মদ তরীকুল ইসলাম, সহ-প্রকাশনা সম্পাদক | সদস্য |
| ১১ | জনাব এইচ.এম শফিকুল ইসলাম, নির্বাহী সদস্য, ঢাকা মহানগর | সদস্য |

২৫/০৮/২০২৪ খ্রি:

(প্রফেসর মো: মামুন উল হক)
সভাপতি
বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন

Scanned with CamScanner